



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং ১০৪.৯৯.০২৫.২০১৫.৬৬৩

তারিখ: ০৬/০৯/২০২০

### বিজ্ঞপ্তি

সরকারি কলেজ/টিচার্স ট্রেনিং কলেজ/আলিয়া মাদ্রাসার সম্মানিত অধ্যক্ষ/উপাধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধানগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রভাষক ও সহকারী অধ্যাপক পর্যায়ের কর্মকর্তাগণের বদলীর আবেদন অনলাইনে সমাধান করার লক্ষ্যে স্ব-স্ব প্রতিষ্ঠানের শূন্য পদের তথ্য হালনাগাদ থাকা জরুরী। ইতোমধ্যে লক্ষ্য করা যাচ্ছে যে, পদায়নে আগ্রহী কলেজের শূন্য পদের তথ্য হালনাগাদ না থাকায় প্রভাষক ও সহকারী অধ্যাপক পর্যায়ের কর্মকর্তাগণ তাদের আবেদনের প্রক্রিয়াটি সম্পন্ন করতে পারছেন না। এমতাবস্থায় অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধানগণ স্ব-স্ব কলেজের শূন্যপদের তথ্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নির্দিষ্ট সফটওয়্যারে ([www.emis.gov.bd](http://www.emis.gov.bd)) জরুরী ভিত্তিতে হালনাগাদ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাগণ যারা পদায়নের অপেক্ষায় স্ব-স্ব প্রতিষ্ঠানে পূর্বের পদে (ইনসিটু) কর্মরত আছেন সে সকল পদসমূহ কোন ক্রমেই শূন্য হিসেবে দেখানো যাবে না। পদায়নের অপেক্ষারত অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক পর্যায়ের কর্মকর্তাগণের মূলপদে পদায়নের পর উক্ত পদটি শূন্য হিসেবে দেখাতে হবে। এ বিষয়ে পরবর্তী কোন জটিলতা দেখা দিলে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান দায়ী হবেন।

বিষয়টি অতীব জরুরি।

(প্রফেসর ড. শাহ মো: আমির আলী)

উপপরিচালক (কলেজ-১)

ফোন: ৯৫৫৮৫০৫

প্রাপক

অধ্যক্ষ/উপাধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান (সকল)

অনুলিপি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা

২। সংরক্ষণ নথি